গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)-এর 'নৈতিকতা কমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এন.টি.আর.সি.এ. |
| সভার তারিখ | ১৯ এপ্রিল, ২০২২ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | এন.টি.আর.সি.এ. সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্য বিষয় অনুযায়ী সভা শুরু করার জন্য উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথমে ১২ জানুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ইতোমধ্যে ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক সম্পন্ন হয়েছে এবং ৩য় ত্রৈমাসিক অগ্রগগতি প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অত:পর পাওয়ার পয়েন্টের মাধ্যমে ফোকাল পয়েন্ট সভার আলোচ্য সূচি অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

সভায় আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | গৃহীত কর্মসূচির শিরোনাম | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বিষয়ক আলোচনা | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী এনটিআরসিএ'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত কর্মপরিকল্পনায় ০৩টি কার্যক্রম রয়েছে। প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সম্পর্কিত কার্যক্রমে ০৬টি কার্যক্রম. আর্থিক ব্যবস্থাপনা শিরোনামে ০৫টি এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য ০৪টি কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া প্রণয়নপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট |
| ২ | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সম্পর্কিত আলোচনা। | বিগত ১২ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সকল সিদ্ধান্ত ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ অর্থ বছরের৩য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়নপূর্বক ১০.০৪.২২ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং প্রতিবেদন এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ০৩টি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ০১টি সভা পরবর্তী কোয়ার্টারে আয়োজন করা যেতে পারে। ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। বর্ণিত কমিটির কাজ অব্যাহত রয়েছে। | (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের কোয়ার্টারভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর পরবর্তী প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা পরবর্তী কোয়ার্টারে আয়োজন করতে হবে।<br>(গ) আগামী ১৫.০৬.২০২২ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প্রশাসন ও অর্থ অনুবিভাগ, এনটিআরসিএ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত আলোচনা। | এনটিআরসিএ'র কর্মকর্তা ও কর্মচারীদের চাহিদার ভিত্তিতে ক্রয়পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যের ৫৫% ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। ক্রয় পরিকল্পনা অনুযায়ী শতভাগ ক্রয় কার্য সম্পাদনের কাজ অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সদস্যগণ মত প্রকাশ করেন। | ক্রয়পরিকল্পনা অনুযায়ী শতভাগ ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে। | সচিব, এনটিআরসিএ ও সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা)। |
| ৪ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম সম্পর্কিত আলোচনা। | এনটিআরসিএ কর্তৃক গৃহীত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রমের অংশ হিসেবে অনলাইনে শিক্ষক নিবন্ধন সনদ যাচাই-এর প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার জন্য সম্ভাব্য পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শন করা যেতে পারে। এনটিআরসিএ সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির জন্য লিফলেট প্রস্তুতপূর্বক জেলা শিক্ষা অফিসারগণ ও এনটিআরসিএ সংশ্লিষ্ট অংশীজনদের মধ্যে বিতরণ করা হয়েছে। এছাড়া অংশীজনের অংশগ্রহণে জেলা পর্যায়ে গণশুনানির আয়োজন করা হয়েছে। | (ক) অনলাইনে শিক্ষক নিবন্ধন সনদ যাচাই-এর ফিডব্যাক প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হলে পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শন নিশ্চিত করতে হবে।<br>(গ) এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের কর্মদক্ষতা সরেজমিনে পরিদর্শন ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী আয়োজন করতে হবে।<br>(ঘ) গণশুনানী কার্যক্রমটি নিয়মিত পরিচালনা করতে হবে। | সচিব, এনটিআরসিএ ও ফোকাল পয়েন্ট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

EKhan

মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), এন.টি.আর.সি.এ.

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৬১.০০১.২০.৩৬৩

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৯
২৬ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (প্রশাসন ও অর্থ/পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন/শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
২) পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
৩) উপপরিচালক (প্রশাসন ও অর্থ), এনটিআরসিএ, ঢাকা।
৪) উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, ঢাকা।
৫) উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
৬) সহকারী পরিচালক (প্রশাসন), এনটিআরসিএ, ঢাকা।
৭) সহকারী পরিচালক (শিক্ষা তত্ত্ব ও শিক্ষা মান-১) , এনটিআরসিএ, ঢাকা।
৮) সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-২), এনটিআরসিএ, ঢাকা।
৯) সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০) পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব)